



বাংলাদেশ কনস্যুলেট জেনারেল
টরন্টো, কানাডা



প্রেস বিজ্ঞপ্তি

১৮ এপ্রিল ২০২৪,

মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উদযাপনের অংশ হিসেবে আজ ১৮ই এপ্রিল ২০২৪ তারিখে Mountbatten Salon, Chelsea Hotel, Toronto তে বিদেশি কূটনীতিক, অন্টারিও সরকারের উচ্চপদস্থ কর্মকর্তা, টরন্টোতে বসবাসরত প্রবাসী বাংলাদেশি ও নেতৃবৃন্দ, সাংবাদিক এবং ছাত্রছাত্রীদের অংশগ্রহণে আনন্দঘন পরিবেশে এক বর্ণাঢ্য রিসেপসনের আয়োজন করা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন Hon'ble Sheref Sabawy, MPP, Parliamentary Assistant to the Minister of Citizenship and Multiculturalism Affairs এবং বিশেষ অতিথি হিসেবে ছিলেন Hon'ble Doly Begum, MPP, Deputy Leader, Official Opposition, Member of the Provincial Parliament of Ontario, Mr. Anish Dwivedi, Special Advisor to the Premier, Intergovernmental Affairs & Protocol at office of the Premier of Ontario and Ms. Kara Rawson, Chief of Protocol and Director, International Relations, Ministry of Intergovernmental Affairs। সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি, জাতির পিতা, বঙ্গবন্ধুর স্মৃতির প্রতি শ্রদ্ধা জানিয়ে অনুষ্ঠান শুরু করা হয়। অনুষ্ঠান সূচিতে ছিল বাংলাদেশ ও কানাডার জাতীয় সঙ্গীত পরিবেশন, বাংলাদেশের উন্নয়ন অগ্রযাত্রার উপর ভিডিও তথ্য চিত্র পরিবেশন, বক্তব্য উপস্থাপন, এবং কেক কাটা।

উক্ত অভ্যর্থনা অনুষ্ঠানে কনসাল জেনারেল জনাব মোঃ ফারুক হোসেন তাঁর বক্তব্যের শুরুতে বাংলাদেশের স্বপতি, স্বাধীনতার মহানায়ক, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা জানিয়ে উপস্থিত সকলকে মহান স্বাধীনতা দিবসের শুভেচ্ছা জানান। তিনি বলেন, বঙ্গবন্ধুর নেতৃত্বে দীর্ঘ ন'মাস সশস্ত্র মুক্তিযুদ্ধের মাধ্যমে আমরা পেয়েছি স্বাধীন সার্বভৌম বাংলাদেশ। যে কোন ত্যাগের বিনিময়ে বাঙ্গালিদের অধিকার ও আত্মমর্যাদা রক্ষার প্রশ্নে অটল ছিলেন তিনি। বঙ্গবন্ধু সবসময় একটি সুখী উন্নত সোনার বাংলা গড়ার স্বপ্ন দেখতেন। তিনি আরও বলেন বঙ্গবন্ধুর সুযোগ্য কন্যা মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে বাংলাদেশে আজ অভূতপূর্ব উন্নয়ন সাধিত হচ্ছে। বাংলাদেশের উন্নয়নের এই গতিধারা অব্যাহত রাখতে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে ২০৪১ সালের মধ্যে উন্নত-সমৃদ্ধ স্মার্ট বাংলাদেশ গড়ার লক্ষ্যে সকলকে একসাথে কাজ করার আহবান জানান। দেশে বিদ্যমান বিদেশী বিনিয়োগের নানান সুযোগ সুবিধা উল্লেখ করে তিনি কানাডিয়ান বিনিয়োগকারীদের বাংলাদেশে আরও বেশি বিনিয়োগের অনুরোধ জানান। বাংলাদেশ ও কানাডার বন্ধুত্বপূর্ণ সম্পর্কের ৫২ বছর পূর্তিতে আমাদের মুক্তিযুদ্ধ ও আর্থসামাজিক উন্নয়নে অব্যাহত সহযোগিতার জন্য কানাডা সরকারের প্রতি ধন্যবাদ জানান। প্রধান অতিথি অনুষ্ঠানে উপস্থিত হতে পেরে কনসাল জেনারেল কে ধন্যবাদ জানিয়ে বাংলাদেশের উন্নয়নের প্রশংসা করেন এবং বাংলাদেশ ও কানাডার মধ্যে বিভিন্ন বিষয়ে অব্যাহত সহযোগিতা প্রদানের কথা বলেন।

রিসেপশন শেষে আমন্ত্রিত অতিথিবৃন্দের সম্মানে ঐতিহ্যবাহী বাংলাদেশী খাবার ও মিষ্টান্নসহ অন্যান্য খাবার পরিবেশন করা হয়।













